

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ২৪ মে

সংবাদ অনলাইন রিপোর্ট

: বৃহস্পতিবার, ২৪ এপ্রিল ২০২৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা ২১ দিন পিছিয়েছে। পূর্বনির্ধারিত ৩ মে'র পরিবর্তে নতুন তারিখ নির্ধারণ করা হয়েছে আগামী ২৪ মে, শনিবার।

বুধবার (২৩ এপ্রিল) জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। তবে পরীক্ষা পেছানোর কারণ উল্লেখ করা হয়নি।

উল্লেখ্য, এবারই প্রথমবারের মতো ভর্তি পরীক্ষার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ভর্তি নেওয়া হচ্ছে। পূর্বে এসএসসি ও এইচএসসি'র ফলের ভিত্তিতে ভর্তি কার্যক্রম পরিচালিত হতো।

জাতীয় বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, পরীক্ষা হবে এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরে, সময় ১ ঘণ্টা। মেধা তালিকা প্রস্তুত করা হবে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে এসএসসির জিপিএ'র ৪০ শতাংশ এবং এইচএসসির জিপিএ'র ৬০ শতাংশ যোগ করে ২০০ নম্বরে।

ভর্তি আবেদন শুরু হয় গত ২১ জানুয়ারি থেকে এবং চলেছে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। পরে সময় বাড়িয়ে ২৫ এপ্রিল পর্যন্ত করা হয়েছে। ফি ৭০০ টাকা, যা ২৭ এপ্রিলের মধ্যে কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিং বা সরাসরি জমা দেওয়া যাবে।

আবেদন করতে হবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে:
<http://app11.nu.edu.bd>

কলেজ কর্তৃপক্ষ ২৮ এপ্রিল পর্যন্ত প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে পারবে।